

রাজারহাটের ১৫ সর্ব. প্রা. স্কুলের দফতরি নিয়োগ

সহ-শিক্ষাকর্তা, সভাপতি ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে ঘুষের অভিযোগ, ৯টি স্কুলের নিয়োগ পরীক্ষা স্থগিত

প্রতিনিধি, রাজারহাট (সিদ্ধেশ্বর)

কুড়িগ্রামের রাজারহাট উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের ক্রসস্টারের দায়িত্ব পালন সহকারী শিক্ষা অফিসারদের সঙ্গে যোগসাজশে প্রতিষ্ঠানগুলোর সভাপতি ও প্রধান শিক্ষকদের বিরুদ্ধে 'দফতরি কাম নৈশপ্রহরী' পদে নিয়োগ পরীক্ষায় ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও প্রায় অর্ধকোটি টাকার ঘুষ বাণিজ্যের অভিযোগ উঠেছে। সোমবার উপজেলায় দ্বিতীয় পর্যায়ে ১৫টি প্রাথমিক বিদ্যালয়ের 'দফতরি কাম নৈশপ্রহরী' পদে নিয়োগ পরীক্ষার জন্য ভানু নির্ধারিত ছিল-উপজেলা অফিসার ক্লাব ও উপজেলা রিসোর্স সেন্টার জবকল ও ইটক' করে তা রাতারাতি পরিবর্তন করে স্ব-স্ব প্রতিষ্ঠানের সভাপতি ও প্রধান শিক্ষকদের সঙ্গে সোপান অর্থাৎ তর্কের মাধ্যমে তর্কের পরে ৩টি ভানুতে ১৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের নিয়োগ পরীক্ষার স্থান নির্ধারণ করা হয়। এ খবর ছড়িয়ে পড়লে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দসহ স্থানীয় জনতা উত্তেজিত হয়ে ওঠে। পরে ওইসব ভানুতে উত্তেজিতদের ম্যানেজ করে ৩টি ভানুতে ৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হলেও, বাকি ৯টি প্রতিষ্ঠানের পরীক্ষা স্থগিত করতে বাধ্য হয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। ওইসব শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্ব গ্রহণ সভাপতি-প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট ক্রসস্টার পছন্দের প্রার্থীকে নিয়োগের পায়তারা চালিয়ে উত্তেজিত জনতা নিয়োগ পরীক্ষা বেসম্পন্ন আক্রমণ চালায়। এতে ৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষা বন্ধ হয়। এদিকে উজ্জ্বলবিরিনিয়ে রফা-দফার মাধ্যমে ঠান্ডামারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, দুকলসব সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সোনালপুরকুটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্রসস্টার ও উপজেলা সহকারী শিক্ষা অফিসার আবু সাঈদক বুলবুল ৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষা সম্পন্ন করে। অপরদিকে বোতসার পাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের ভানু ছিল। সোমবার সকাল থেকে ওই ভানুতে রাজনৈতিক দলের নেতৃবৃন্দসহ স্থানীয় জনতা উত্তেজিত হলে তাদের দফায়-দফায় বৈঠক মাধ্যমে ম্যানেজ করে সকল ১০টির পরীক্ষা বিকাল

৩টায় শুরু করে এবং ৩টি প্রতিষ্ঠানের নিয়োগ পরীক্ষা সম্পন্ন করে। ওই ভানুতে দায়িত্ব গ্রহণ ক্রসস্টার ও উপজেলা সহকারী শিক্ষা অফিসার মো. আফজাল হোসেনসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি ও প্রধান শিক্ষকগণ তাদের পছন্দের প্রার্থীকে নির্বাচন করেন। বনি-বন না হওয়ায় ওই ভানুর কৈলাশকুটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষা স্থগিত রাখা হয়েছে বলে অভিযোগ উঠেছে। নাম প্রকাশ না করার শর্তে একাধিক প্রার্থী এ প্রতিদ্বন্দ্বিতা জানান, নামমাত্র পরীক্ষা দিলাম এবং কমিটির পছন্দের প্রার্থীদের কাছ থেকে জন প্রতি ৪ লাখ থেকে শুরু ৪ লাখ টাকা নেয়া হয়েছে। আমাদের এতো টাকা দেয়ার সামর্থ নেই, তাই আমাদের চাকুরি নেই বলে সোভ প্রকাশ করেন। পরীক্ষার পর বিভিন্ন অনিয়মের অভিযোগ এনে রাজারহাট উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বহুরূপে নিয়োগ বঞ্চিত প্রার্থীরা লিখিত অভিযোগ দাখিল করেছেন। এ বিষয়ে রাজারহাট উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আকতারী পারভীনের সঙ্গে তার মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, উত্তেজিত জনতার আক্রমণের কারণে বেশ কয়েকটি বিদ্যালয়ের নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়েছে। সংশ্লিষ্ট ক্রসস্টার ও উপজেলা সহকারী শিক্ষা অফিসার আবু সাঈদক বুলবুল এবং আফজাল হোসেনের মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তাদের পাওয়া যায়নি। কুড়িগ্রাম জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবদুল কাদের মুঠোফোনে কথা হলে তিনি বলেন, সোমবার রাজারহাট উপজেলায় 'দফতরি কাম নৈশপ্রহরী' পদে নিয়োগ পরীক্ষা থাকলেও তা তাকে অবগত করা হয়নি। তিনি কুড়িগ্রাম জেলা প্রশাসক বরাবরে নিয়োগ বঞ্চিত প্রার্থীদের অভিযোগ করার পরামর্শ দেন। এ বিষয়ে রাজারহাট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা কমিটির সহ-সভাপতি এসএম মাহমুদুল ইসলামের সঙ্গে কথা হলে তিনি বলেন, অভিযোগ পেলে তৎপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ঠান্ডামারী নিয়োগ প্রক্রিয়াটি বাতিলসহ পুনর্নিয়োগের জন্য উপরতন কর্তৃপক্ষের আওতাধীন কামনা করছেন।